একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০০৩.২৩.২৯৮

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

বিষয়ঃ **হজ কারিগরি টিম-২০২৬ এর (৩য় পর্যায়) সৌদি আরবে কর্মস্থল বন্টন।**

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-১৬.২৩.০০১.৩৮.০১৭.০০০০.০০.১৪৩; তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে গঠিত হজ কারিগরি দল ২০২৬ এর নিম্নবর্ণিত সদস্যগণ ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে সৌদি আরবে হজযাত্রীদের সেবা, প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং সুষ্ঠু হজ ব্যবস্থাপনার নিমিত্ত অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালনের নিমিত্ত নির্ধারিত তারিখ ও সময় মোতাবেক দায়িত্ব পালন শেষে কাউন্সেলর (হজ)-এর প্রত্যয়ন গ্রহণপূর্বক বাংলাদেশ প্রত্যাবর্তন করবেন:

৩য় ব্যাচ: গমন: ১৮.০৫.২০২৬ ও প্রত্যাবর্তন: ৩০.০৬.২০২৬

নং	কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও অফিস	সৌদি আরবে কর্মস্থল
১.	জনাব মো: মহিববুল হাসান, প্রশাসনিক কর্মকর্তা, হজ-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
২.	জনাব ইকবাল হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৩.	জনাব মো: রোকনুজ্জামান সিরাজী, ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৪.	জনাব মো. আবদুর রউফ শাহিন, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
৫.	জনাব মো: আশরাফুল ইসলাম, কম্পিউটার অপারেটর, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৬.	জনাব সুহিল মোহাম্মদ ফেরদৌস, হিসাবরক্ষক, হজ অফিস, ঢাকা	
৭.	জনাব মো: জাফর ইকবাল, ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	জেদ্দা

উল্লেখ্য যে, হজ কারিগরি দল (৩য় ব্যাচ) এর উপরিউক্ত ছকে উল্লিখিত ক্রমিক নম্বর-৭ এ বর্ণিত সদস্য আগামী ২১ মে ২০২৬ তারিখে সৌদি আরবে গমন করবেন এবং ০১ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

শর্তাবলী:

১. হজ কারিগরি টিমের সদস্যদের দায়িত্ব হবে হজযাত্রীদের সার্বক্ষণিক সেবা প্রদান নিশ্চিত করা।
২. টিমের সদস্যগণের দায়িত্ব এবং প্রশিক্ষণ নির্দেশিকা' (সংযুক্ত) অনুযায়ী অর্পিত দায়িত্ব যথাযথ পালন করতে হবে।
৩. রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত অনুসারে প্যাকেজ ক্রয় সাপেক্ষে ২০২৬ সনের হজে টিমের সদস্যগণের হজ করার সুযোগ পাবেন।
৪. টিমের সদস্যগণ বিমানের ইকোনোমি ক্লাসে সৌদি আরব গমন ও প্রত্যাগমন করবেন।
৫. কোন সদস্য তার দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্নীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না।
৬. ইহা সরকারি ভ্রমণ হিসেবে গণ্য হবে। সৌদি আরবে অবস্থানকালে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশের স্থানীয় মুদ্রায় নিজ কর্মস্থল হতে বেতন-ভাতাদি গ্রহণ করবেন।
৭. সৌদি আরবে অবস্থানকালে টিমের সদস্যদের অভ্যন্তরীণ ভ্রমণ ও খাওয়ার ব্যবস্থা নিজ দায়িত্বে করতে হবে।
৮. প্রশাসনিক প্রয়োজনে টিম সদস্যের কর্মকাল কম/বেশি হতে পারে।
৯. টিমের সদস্যদের যাবতীয় ভ্রমণ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটের "বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয়" খাতের অর্থনৈতিক কোড নং-১৩৫০১০১-১২০০০১৭০১-৩২৪৪১০১ এ বরাদ্দকৃত "ভ্রমণ ব্যয়" বাবদ অর্থ হতে বহন করা হবে। ভ্রমণের পূর্বে অগ্রিম প্রদান করা হলে তা চূড়ান্ত বিল পরিশোধকালে সমন্বয় করা হবে।
১০. টিমের সদস্যবৃন্দ নির্ধারিত দিনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ভ্রমন বিলের অগ্রিম বাবদ অর্থ, বিমান টিকিট এবং ট্রিটমেন্ট কার্ড সংগ্রহ করবেন। সংগৃহিত ট্রিটমেন্ট কার্ড কাউন্সিলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কায় যোগদানের সময় জমা দিবেন।

১১. টিমের সদস্যগণ সৌদি আরবে প্রশাসনিক দলের দলনেতা/ কাউন্সেলর (হজ)/ মৌসুমি হজ অফিসার, মক্কা, মদিনা ও জেদ্দার তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন।

১২. দায়িত্বে অবহেলা এবং হজযাত্রীদের সেবা সঠিকভাবে না করলে তার প্রাপ্য ভাতা কর্তন করা হবে।

১৩. দায়িত্বে অবহেলা ও শৃঙ্খলা ভঙ্গ করলে টিম সদস্যকে দেশে ফেরত পাঠিয়ে দেয়া হবে।

১৪. টিমের সদস্যদের শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে সরকারি চাকুরি আইন, ২০১৮ প্রযোজ্য হবে। দায়িত্বে অবহেলা, শৃঙ্খলা ভঙ্গসহ অসদাচরণের কারণে উক্ত আইন অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবরে সুপারিশ করা হবে।

১৫. টিমের সদস্যগণ জেদ্দা/মক্কা/মদিনায় কাউন্সেলর (হজ) কর্তৃক নির্ধারিত হোটেল/ বাড়িতে অবস্থান করবেন। এক্ষেত্রে প্রযোজ্য ভাড়া কর্তন করা হবে।

১৬. টিমের সদস্যগণকে চূড়ান্ত বিল উত্তোলনের জন্য দায়িত্ব পালন বিষয়ে কাউন্সেলর (হজ) এর প্রত্যয়নপত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ২ সেট, সৌদি আরবে গমন ও প্রত্যাগমনের বিমান টিকেট, যাওয়া ও আসার বোর্ডিং পাসের মূল কপি ও ১ সেট ফটোকপি, পাসপোর্টে ডিপারচার ও এ্যারাইভাল এর সীলযুক্ত পাতার ফটোকপি ২ সেট, ভ্রমণ বিবরণী ২ সেট, জিও জারীর মাসের বেতন বিলের কপি ২ সেট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় (কক্ষ নং-১৫১৯, ভবন নং-৬) দাখিল করতে হবে।

১৭. টিমের সদস্যগণ স্বাস্থ্য পরিক্ষা মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন গ্রহণপূর্বক স্বাস্থ্য সনদ গ্রহণ করবেন।

১৮. টিমের সদস্যগণ কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, সৌদি আরব বরাবর যোগদানপত্র দাখিল করবেন। বাংলাদেশে প্রত্যাবর্তনকালে কাউন্সেলর (হজ)-এর নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন।

১৯. টিমের সদস্যগণ সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত আছেন মর্মে গণ্য হবেন। যে কোন সময় সদস্যগণ হজযাত্রীদের সেবা প্রদানে বাধ্য থাকবেন।

২০. টিমের সদস্যগণ দায়িত্ব পালনকালে নির্ধারিত পোষাক/কোটি/এপ্রোন পরিধান করতে হবে।

২১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখে সৌদি আরব গমন করতে হবে। নির্ধারিত সময়ে সৌদি আরবে গমনের লক্ষ্যে পাসপোর্ট ও অন্যান্য কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে সরকারি আদেশের তাঁর অংশ বাতিল বলে গণ্য হবে।

২২. টিমের সদস্য হিসেবে সৌদি আরবে যতদিনই দায়িত্ব পালন করুন তিনি সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের ভাতা প্রাপ্য হবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

০৯/০৪/২০২৬

মো. তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯
hajj sec২@mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০০৩.২৩.২৯৮

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যুর অনুরোধসহ)।
৪. হিসাব মহানিয়ন্ত্রক, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৭. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।

১১. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. মহাব্যবস্থাপক (সেলস্), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., মতিঝিল, ঢাকা (বর্ণিত সদস্যদের অনুকূলে নির্ধারিত তারিখে বিমান টিকিট সংরক্ষণের অনুরোধসহ)।
১৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপ-মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, জিরোপয়েন্ট শাখা, ঢাকা।
১৭. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা)www.hajj.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. জনাব .....।

০৭/০৫/২০২৬

মো. তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব